

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।

www.pallisanchaybank.gov.bd

স্মারক নং-পসব্য/প্রকা/প্রশা-৮৩/২০১৮-১৯/৪৫৮৩

তারিখ: ২৪/০২/২০১৯খ্রি:

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

বিষয় : মটর সাইকেল অগ্রিম মঞ্জুরীর নীতিমালা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংকের পরিচালনা বোর্ড কর্তৃক ২৩/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩৬তম সভায় পল্লী সঞ্চয় ব্যাংক এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের জন্য মটর সাইকেল অগ্রিম মঞ্জুরীর নীতিমালা অনুমোদন করা হয়েছে যা আপনাদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত

(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

ফোন নং ৯৩৬২৭১২

ফ্যাক্স নং ৯৩৪৮২০৬

headoffice@pallisanchaybank.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৪। নথি।



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড প্রিন্সেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

মটর সাইকেল অগ্রিম মঞ্জুরীর নীতিমালা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে তাঁর অভিপ্রায়ে স্থাপিত হয়েছে পল্লী সঞ্চয় ব্যাংক। ব্যাংক ইতোমধ্যে ৪৮৫টি উপজেলায় শাখা স্থাপনের মাধ্যমে উহার ২২ লক্ষ সদস্যকে সেবা প্রদান করে আসছে। আগামী ২০২০ সালের মধ্যে ব্যাংকের গ্রাহক সংখ্যা ৫৫ লক্ষে উন্নীত হবে।

০২। এ ব্যাংকের কার্যক্রম অন্যান্য ব্যাংকের ন্যায় নয়। ব্যাংকটি দরিদ্র জনসাধারণকে নিয়ে গঠিত সমিতিসমূহের ফান্ড সংরক্ষণ, ঋণ প্রদান, ঋণের কিস্তি আদায়, সঞ্চয় আমানত সংগ্রহসহ যাবতীয় আর্থিক লেনদেন পরিচালনা করে থাকে। ব্যাংকের শাখাসমূহ উপজেলা পর্যায়ে অবস্থিত, সমিতির কার্যালয় উপজেলা থেকে দূরে গ্রামাঞ্চলে অবস্থিত, সমিতির সদস্যরাও গ্রামাঞ্চলে বসবাস করেন যেখানে যাতায়াত করা কষ্টসাধ্য ও সময় সাপেক্ষ। ব্যাংকের শাখা পর্যায়ে মাঠ সহকারী পদে কর্মরত কর্মচারীরা সমিতিসমূহ/সদস্যদের সরাসরি তদারকি করে থাকেন এবং জুনিয়র অফিসার (মাঠ) ও শাখা ব্যবস্থাপকগণ মনিটরিং করে থাকেন। এতদসংক্রান্ত কাজে ব্যাংকের শাখা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রায়শঃই গ্রামাঞ্চলে ভ্রমণ করতে হয়। যানবাহনের অভাবে তাদের ভ্রমণ করতে অসুবিধে হচ্ছে, ফলশ্রুতিতে তদারকি কার্যক্রম ব্যাহত হচ্ছে। যার কারণে সমিতির সদস্যদের সঞ্চয় আমানত সংগ্রহ এবং ঋণ প্রদান ও আদায় কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

০৩। প্রকল্পে ৩০ জুন, ২০১৬ তারিখের পূর্বে নিয়োজিত ৫২৪০ জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ৪১৮৭ জন কর্মকর্তা/কর্মচারী ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হয়েছে এবং বাদ বাকী কর্মকর্তা/কর্মচারীরা পর্যায়ক্রমে স্থানান্তরিত হবে। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদেরকে মটর সাইকেল অগ্রিম প্রদান করা হলে তারা উক্ত যানবাহন দ্বারা প্রান্তিক পর্যায়ের প্রত্যন্ত অঞ্চলের কার্যক্রম তদারকি করতে পারবেন।

০৪। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের মটর সাইকেল অগ্রিম প্রদানের নীতিমালা নিম্নরূপ :

৪.১ মোটর সাইকেল অগ্রিম প্রাপ্তির যোগ্যতা। -

- ৪.১.১ মহিলা কর্মকর্তা/কর্মচারীসহ সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীরা মটর সাইকেল অগ্রিম প্রাপ্য হবেন।
- ৪.১.২ এ খাতে বরাদ্দকৃত অর্থের সংস্থান সাপেক্ষে পর্যায়ক্রমে কর্মকর্তা/কর্মচারীগণ নির্ধারিত সার্ভিস চার্জের বিনিময়ে এ ঋণ সুবিধা লাভ করবেন। ঋণ বরাদ্দের ক্ষেত্রে নারী কর্মীরা অগ্রাধিকার পাবেন।
- ৪.১.৩ ছক-‘ক’ মোতাবেক আবেদনপত্র প্রতি বছর ১লা জুলাই হতে ৩০শে সেপ্টেম্বর এর মধ্যে প্রধান কার্যালয়ে গ্রহণ করা হবে।
- ৪.১.৪ বিভাগীয় মোকদ্দমা/আর্থিক সংশ্লিষ্টতার অভিযোগ অনিশ্পন্ন থাকাবস্থায় মটর সাইকেল অগ্রিম বিবেচনা করা হবে না।
- ৪.১.৫ গ্রেড ভিত্তিক বাজেট বরাদ্দ করা হবে।
- ৪.১.৬ বাজেট বরাদ্দ ও আবেদনপত্র সাপেক্ষে মটর সাইকেল অগ্রিম, জ্যেষ্ঠতার ভিত্তিতে, প্রাপ্য হবেন।
- ৪.১.৭ অগ্রিম গ্রহীতার ব্যাংক/প্রকল্পের চাকরিকাল ন্যূনতম ৩ বছর পূর্ণ হতে হবে।
- ৪.১.৮ মটর সাইকেল অগ্রিম কর্তৃণের পর প্রতি মাসে আবেদনকারীর টেক-হোম-পে ন্যূনতম মূল বেতনের ১/৩ (এক তৃতীয়াংশ) থাকতে হবে।
- ৪.১.৯ পল্লী সঞ্চয় ব্যাংক/একটি বাড়ি একটি খামার প্রকল্পের কর্মচারী হতে হবে।
- ৪.১.১০ যাদের বর্তমানে মটর সাইকেল আছে তারা মটর সাইকেল অগ্রিম পাওয়ার যোগ্য নয়। কোন কর্মকর্তা/কর্মচারী মোটর সাইকেল অগ্রিম গ্রহণের পর মোটর সাইকেলের আয়ুষ্কাল অথবা অগ্রিমের স্বাভাবিক পরিশোধসূচীর মেয়াদ (৯৬ কিস্তি) শেষ না হওয়া পর্যন্ত তিনি পুনরায় মটর সাইকেল অগ্রিম প্রাপ্য হবেন না।

৪.২ অগ্রিম প্রাপ্তির অন্যান্য শর্তাবলী। -

- ৪.২.১ ব্যাংক ও মোটর সাইকেল অগ্রিম গ্রহীতার যৌথ নামে বীমা, ব্রু-বুক, রেজিস্ট্রেশন ইত্যাদি করতে হবে। বীমার ক্ষেত্রে কেবলমাত্র First Party বীমা গ্রহণযোগ্য হবে।

- ৪.২.২ মোটর সাইকেলটি ব্যাংকের নিকট বন্ধক থাকবে (হাইপোথিকেশন) এবং ইহার ব্লু-বুক ও বীমা, ব্যাংক ও অগ্রিম গ্রহীতার যৌথ নামে করতে হবে। বীমার প্রিমিয়াম, মেরামত, রক্ষণাবেক্ষণ ও জ্বালানী ইত্যাদি যাবতীয় খরচ অগ্রিম গ্রহীতাকে বহন করতে হবে। সম্পূর্ণ অগ্রিম পরিশোধের পর মোটর সাইকেলের মালিকানা অগ্রিম গ্রহীতার নিকট নিজ খরচে হস্তান্তরিত হবে।
- ৪.২.৩ অগ্রিম গ্রহীতা বাজারে প্রচলিত স্বনামধন্য যে কোন ব্র্যান্ডের মোটর সাইকেল ক্রয় করতে পারবেন।
- ৪.২.৪ অগ্রিম গ্রহীতাকে সংযুক্ত ছক-“খ” মোতাবেক যথাযথ মূল্যমানের স্ট্যাম্প (DEED OF HYPOTHECATION) দলিল সম্পাদন করতে হবে।
- ৪.২.৫ প্রকল্পের যে সকল কর্মচারী ব্যাংকে স্থানান্তরিত হয়নি এবং যাদের বিরুদ্ধে কোন অভিযোগ/শৃংখলা ভঙ্গের প্রক্রিয়া চলমান নেই তাদেরকে এ ঋণের আওতায় আনা যেতে পারে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তার নিকট হতে এ মর্মে প্রত্যয়ন আনতে হবে যে প্রতি মাসে প্রকল্প হতে বেতন উত্তোলন করে কিস্তির অর্থ পল্লী সঞ্চয় ব্যাংকে জমা প্রদান নিশ্চিত করা হবে।

৪.৩

অগ্রিম প্রাপ্তি ও আদায় পদ্ধতি।-

- ৪.৩.১ প্রতিটি মটর সাইকেলের জন্য সর্বোচ্চ ৮০,০০০/- (আশি হাজার) টাকা মাত্র প্রদান করা হবে। স্কুটি ক্রয়ের ক্ষেত্রে এ ঋণ সীমা ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র। অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে অগ্রিম গ্রহীতাকে নিজ তহবিল থেকে তা বহন করতে হবে। অগ্রিম গ্রহীতাকে কোন অবস্থাতেই অগ্রিমের অর্থ নগদে প্রদান করা হবে না। যে প্রতিষ্ঠানের নিকট হতে মোটর সাইকেল ক্রয় করা হবে সেই প্রতিষ্ঠানের বরাবরে ডেলিভারী অর্ডারের ভিত্তিতে যানবাহন সরবরাহকারীকে ক্রস চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে।
- ৪.৩.২ অগ্রিম প্রাপ্তির তারিখ হতে ৬.৫০% সুদসহ ৯৬টি মাসিক কিস্তিতে অগ্রিমের অর্থ সুদাসলে বেতন হতে কর্তণপূর্বক আদায় করা হবে। সুদের হার পরিবর্তন হলে অগ্রিম গ্রহীতার নিকট হতে পরিবর্তিত হারে বকেয়া সুদাসলে আদায় করা হবে। অগ্রিমের উপর সরল সুদ হার আরোপ করা হবে। আরোপিত সুদ একটি পৃথক হিসাবে সংরক্ষণ করা হবে। আসল অর্থ আদায়ের পর আরোপিত সুদ আদায় করা হবে।
- ৪.৩.৩ ঋণ প্রদান, ঋণের কিস্তি আদায়, সঞ্চয় আমানত সংগ্রহ, ইত্যাদির কর্মদক্ষতা বিবেচনায় মটর সাইকেল অগ্রিম বিবেচনা করা হবে। মটর সাইকেল অগ্রিম গ্রহণের পর কর্মদক্ষতা খারাপ হলে উক্ত অগ্রিম এককালীন পরিশোধ করার জন্য অগ্রিম গ্রহীতাকে নোটিশ প্রদানপূর্বক আদায় করা হবে।
- ৪.৩.৪ বিভাগীয় মোকদ্দমায় কোন কর্মকর্তা/কর্মচারী অপসারণ/বরখাস্ত হলে অনাদায়ী অগ্রিম সংশ্লিষ্ট কর্মচারীর (অগ্রিম গ্রহীতার) ব্যাংকের নিকট তার পাওনার সাথে সমন্বয় করা হবে। সমন্বয়ের পর অবশিষ্ট অর্থ, যদি থাকে, আদায়ের জন্য সংশ্লিষ্ট আদালতে মামলা করা যাবে।
- ৪.৩.৫ মোটর সাইকেল চুরি হলে বা হারানো গেলেও অগ্রিম গ্রহীতার বেতন হতে নীতিমালা অনুযায়ী মাসিক কিস্তির অর্থ আদায় করা হবে।
- ৪.৩.৬ মোটর সাইকেল দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে বীমার অর্থ দাবী করা হবে। তবে প্রাপ্ত দাবীর অতিরিক্ত অর্থ কিংবা দাবীকৃত কোন অর্থ না পাওয়া গেলে অগ্রিম গ্রহীতাকে নীতিমালা অনুযায়ী অগ্রিমের অর্থ কিস্তিতে পরিশোধ করতে হবে।



মোঃ ইসমাইল মিয়া
প্রকল্প কর্মকর্তা



পল্লী সঞ্চয় ব্যাংক

(ছক-ক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

মটর সাইকেল অগ্রিমের জন্য আবেদনপত্র

- | | | | |
|-----|---|---|---|
| ০১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | পদবী | : | |
| ৩। | পিআইএমএস নম্বর/ভবিষ্য তহবিল সূচক
নং | : | |
| ৪। | বর্তমান কর্মস্থল | : | |
| ৫। | জন্ম তারিখ | : | |
| ৬। | আবেদনকারীর পিতার নাম | : | |
| ৭। | (ক) চাকুরীতে যোগদানের তারিখ | : | |
| | (খ) বর্তমান পদে পদোন্নতির তারিখ | : | |
| | (গ) আবেদনের তারিখে চাকুরীর বয়স | : | |
| ৮। | (ক) বেতনক্রম | : | |
| | (খ) মাসিক মূল বেতন | : | |
| | (গ) মাসিক মোট বেতন | : | |
| | (ঘ) আবেদন মোতাবেক মটর সাইকেল
অগ্রিম কর্তণযোগ্য (মাসিক কিস্তির
পরিমাণ) | : | |
| | (ঙ) নীট বেতন (গ-ঘ) | : | |
| ৯। | আবাসিক ঠিকানা | : | |
| ১০। | চাকুরীতে স্থায়ী/অস্থায়ী | : | |
| ১১। | প্রার্থীত অগ্রিমের পরিমাণ | : | |
| ১২। | স্থায়ী ঠিকানা | : | |
| ১৩। | আবাসিক ঠিকানা | : | |
| ১৪। | আবাসস্থল হতে কর্মস্থলের দূরত্ব | : | |
| ১৫। | ব্যাংকের নিকট অন্য কোন অগ্রিম থেকে
থাকলে তার বিবরণ | : | |
| ১৬। | চাকুরী জীবনে কতবার মটর সাইকেল
অগ্রিম গ্রহণ করেছেন | : | |
| ১৭। | শৃংখলাজনিত/অর্থ আত্মসাৎ সংশ্লিষ্ট
অভিযোগ অনিস্পন্ন আছে কি-না | : | |
| ১৮। | আবেদনপত্রে প্রদত্ত তথ্যের সঠিকতা
সম্পর্কে আবেদনকারীর ঘোষণা | : | আমি এ মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি/বিবরণাদি সঠিক
আছে। আরও ঘোষণা করছি যে, প্রার্থীত অগ্রিম বর্ণিত খাতে
যথাযথভাবে ব্যবহৃত হবে এবং ইহার পরিশোধযোগ্য মাসিক কিস্তি
আমার মাসিক টেক-হোম-পে হতে বেশী হবে না। |

আবেদনকারী স্বাক্ষর

তারিখঃ

১৯। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মন্তব্য

: উপরোক্ত তথ্যাদি সঠিক মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে। প্রার্থীত অগ্রিম
মঞ্জুরের সুপারিশ করা হলো।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর

(সীল)